

## বার্ষিক প্রতিবেদন-২০২১-২০২২

### খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

#### ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

১। কল্যাণ ট্রাস্টের ইতিবৃত্তঃ ১৯৮৩ খ্রিস্টাব্দে খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট অধ্যাদেশ জারির ২৬ বৎসর পর ৫ নভেম্বর ২০০৯ খ্রিস্টাব্দে খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট গঠন করা হয়। ইহা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীনস্থ একটি সংস্থা, যা পরিচালনার জন্য ১২ সদস্য বিশিষ্ট একটি ট্রাস্ট বোর্ড রয়েছে।

২। বোর্ড অব ট্রাস্টঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ২৬.০১.২০২০ খ্রিস্টাব্দের প্রজাপন মোতাবেক ১২ সদস্য বিশিষ্ট ট্রাস্ট বোর্ডের চেয়ারম্যান ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ ফরিদুল হক খান, এমপি, সিনিয়র-ভাইস-চেয়ারম্যান জনাব জুয়েল আরেং, এমপি, এডভোকেট প্লেরিয়া বর্ণ সরকার, এমপি, ভাইস-চেয়ারম্যান ডঃ নমিতা হালদার, এনডিসি, ট্রাস্ট মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব কাজী এনামুল হাসান এনডিসি, ড. বেনেডিক্ট আলো ডি' রোজারিও, উপাধ্যক্ষ রেমন্ড আরেং, জনাব বাবু মার্কুস গমেজ, জনাব জেমস সুরুত হাজরা, জনাব উইলিয়াম প্রলয় সমন্দর, জনাব পিটাস কস্তা এবং ট্রাস্ট ও সচিব জনাব নির্মল রোজারিও।

৩। অনুদান প্রদানঃ (ক) খ্রিস্টান ধর্মীয় চার্চ/গির্জা/উপাসনালয় নির্মাণ ও সংস্কারে অনুদান প্রদানঃ ট্রাস্ট প্রতিষ্ঠার পর ৫ (পাঁচ) কোটি টাকার এনডাওমেন্ট তহবিলের আয় থেকে ২০১২ খ্রিস্টাব্দ থেকে এ যাবৎ ৫৪০টি চার্চ/গির্জা/উপাসনালয়ের নির্মাণ, সংস্কার, মেরামত ও উন্নয়নের জন্য ২০২১-২০২২ খ্রিস্টাব্দ পর্যন্ত ২ কোটি ৬৬ লক্ষ ২৩ হাজার টাকা অনুদান হিসেবে প্রদান করা হয়েছে।

(খ) বড়দিন উদযাপনে অনুদানঃ শুভ বড়দিন-২০১৮, ২০১৯ ও ২০২০ খ্রিস্টাব্দ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল হতে প্রাপ্ত ২ (দুই) কোটি ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা ৫২৩টি চার্চ/গির্জা/উপাসনালয়ের অনুকূলে উৎসব অনুদান হিসেবে প্রদান করা হয়েছে। আরো উল্লেখ্য যে, ২০২১ খ্রিস্টাব্দে বড়দিন উৎযাপন উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল হতে প্রাপ্ত ২ (দুই) কোটি টাকা থেকে ১৭৫টি চার্চ/গির্জা/উপাসনালয়কে ৯৩ লক্ষ ৫০ পঞ্চাশ হাজার টাকা প্রদান করা হয়েছে। চলতি অর্থ বছরে উৎসব অনুদান হিসেবে প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। ট্রাস্ট প্রতিষ্ঠার পর থেকে বর্তমান সময় পর্যন্ত সর্বমোট ১২৩৮টি চার্চকে ৬ (ছয়) কোটি ৮ (আট) লক্ষ ১৮ (আঠারো) হাজার টাকা অনুদান প্রদান করা হয়েছে।

৪। মুজিবৰ্ষ উদযাপনঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশুদিবস উপলক্ষে ১৭ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দে তেজগাঁও হলি রোজারি চার্চ-সহ দেশের বিভিন্ন চার্চ/উপাসনালয়ে বিশেষ প্রার্থনা করা হয়। বটমলী হোমস্ এবং ২টি দুষ্ট ও পুর্ণবাসন কেন্দ্রে খাবার সামগ্রী বিতরণ করা হয়। এছাড়াও বিশেষ প্রার্থনা শেষে জাতির পিতার জন্মশতবার্ষিকী উপলক্ষে সহস্রাধিক খ্রিস্টিয়ন অংশগ্রহনে কেক কাটা অনুষ্ঠান করা হয়। এরপর দেশের বিভিন্ন এলাকার চার্চসমূহে বৃক্ষরোপন কর্মসূচী পালন করা হয়।

৫। জাতীয় দিবস উদযাপনঃ খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট ও বাংলাদেশ শ্রীষ্টান এসোসিয়েশনের যৌথ উদ্যোগে প্রতি বৎসর ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে তেজগাঁও হলি রোজারি চার্চে বিশেষ প্রার্থনা সভার আয়োজন করা হয়। এ ছাড়াও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবস, মহান বিজয় দিবস, স্বাধীনতা দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শহীদদের স্মরণে ও জাতির সুখ সমৃদ্ধি কামনা করে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়েছে।

৬। বঙ্গবন্ধনে শুভ বড়দিন উদযাপন অনুষ্ঠান আয়োজনে সহযোগিতা প্রদানঃ প্রতি বছরের ন্যায় শুভ বড়দিন উপলক্ষে ২৫ শে ডিসেম্বর বঙ্গবন্ধনে মহামান্য রাষ্ট্রপতি খ্রিস্টান সম্প্রদায়ের বিশিষ্ট ব্যক্তিবর্গের সাথে বড়দিনের শুভেচ্ছা বিনিয় অনুষ্ঠানের আয়োজন করেন। এই আয়োজনে বঙ্গবন্ধনে অতিথি তালিকা প্রেরণসহ প্রয়োজনীয় সকল প্রকার সহযোগিতা প্রদান করা হয়েছে। ২০২০ ও ২০২১ খ্রিস্টাব্দে কোভিড-১৯-এর কারণে বঙ্গবন্ধনে শুভ বড়দিন উদযাপন করা সম্ভব হয়নি।

৭। প্রশিক্ষণ প্রদানঃ ২০১৫-২০১৬ অর্থ বছর হতে বর্তমান পর্যন্ত পরিবর্তনশীল সমাজে পালক-পুরোহিতদের দক্ষতা বৃদ্ধির জন্য ০৭টি প্রশিক্ষণ এবং যুব সমাজের নীতি ও নৈতিকতার গুরুত্ব ও প্রয়োজনীয়তা, সম্প্রীতিপূর্ণ সমাজব্যবস্থা গঠনে যুব সমাজের ভূমিকার উপর যুবক-যুবতীদের জন্য ১৮টি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়েছে। পালক-পুরোহিতগণ ৬০৬ জন এবং ১,৬২৭ জন ছাত্র-যুবক অংশগ্রহণ করেছে।

৮। জাতীয় অনুষ্ঠানে পালক/পুরোহিত/পবিত্র বাইবেল পাঠক নিয়েগঃ খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট থেকে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত জাতীয় অনুষ্ঠানে চাহিদা অনুযায়ী পবিত্র বাইবেল থেকে পাঠ করার জন্য পালক/পুরোহিত/বাণীপাঠক প্রেরণ করা হয়।

৯। অন্যান্যঃ এছাড়াও উল্লেখিত সময়কালে সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠায় দেশের খ্রিস্টান সমাজের সাধারণ নাগরিক ও প্রতিষ্ঠানের বিভিন্ন সমস্যা সমাধানে ট্রাস্ট সর্বদা সচেষ্ট ভূমিকা রেখে যাচ্ছে।

নির্মল রোজারিও ২০২১  
সচিব

মোবাইল: ০১৭১৫০৩০৯৮৯  
ফোন: ৮৮১১৯২৩৮, ফ্যাক্স: ৯১০৪৭১৫  
E-mail: crwt09@yahoo.com